ww.bengalstudents.com
Bengal Students

# HIGHER SECONDARY EXAMINATION, 2009
## ACCOUNTANCY
**(Bengali Version)**

**Time:3 Hours 15 Minutes** **Full Marks:100**

বিভাগ- 'ক'

১) সঠিক উত্তরটি চিহ্নিত কর(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ১ x ১০=১০

i) কু- ঋণ আদায় ক্রেডিট করা হয়

ক) কু- ঋণ হিসাবে খ) কু- ঋণের জন্য সংস্থান হিসাবে

গ) লাভক্ষতির হিসাবে ঘ) কোনটিই নয়

ii) স্থায়ী সম্পত্তির উপর অবচয় হল

ক) নগদ লেনদেন খ) অভ্যন্তরীন লেনদেন

গ) বহিঃ লেনদেন ঘ) কোন লেনদেন নয়

অথবা

কোনটি অবচয়ের কারণ নয়?

ক)সময়ের আর্বতন খ)মূল্য হ্রাসবৃদ্ধি

গ)অপ্রচলন ঘ)স্বাভাবিক ক্ষয়ক্ষতি

iii) বকেয়া চাঁদা হল প্রকৃতপক্ষে

ক)একটি আয় খ)একটি ব্যয়

গ)একটি দায় ঘ)একটি সম্পত্তি

iv) নীট লাভ - কার্যকলাপ থেকে সৃষ্ট নয় এমন আয় + কার্যকলাপে ব্যবহৃত নয় এমন খরচ=

ক) মোট লাভ খ) কার্যকর লাভ

গ) বিনিয়োগের ওপর ফেরত লাভ ঘ) বন্টনযোগ্য মুনাফা

সঠিক বা ভুল বলঃ

v) আদান- প্রদান হিসাব নগদান বই- য়ের বিকল্প নয়।

অথবা

আয়- ব্যয়ের হিসাব লাভক্ষতি হিসাবের বিকল্প নয়।

vi) পূরণমূলক ভুল হল প্রকৃতপক্ষে একাধিক ভুলের সমন্বয়।

vii) যৌথ মূলধনী কোম্পানীর আইনগত পৃথক সত্তা আছে।

অথবা

ঘরোয়া সীমাবদ্ধ কোম্পানির সর্বোচ্চ সদস্য সংখ্যা 50 জন।

www.Bengalstudents.com

ww.bengalstudents.com

শূন্যস্থান পূরণ করঃ

viii) অংশীদারদের লিখিত চুক্তিকে....................বলে।

ix) তলবি মূলধনের যে পরিমাণ প্রকৃতপক্ষে আদায় হয়েছে তাকে............মূলধন বলে।

x) শেয়ার গ্রহীতারাই কোম্পানীর .................।

অথবা

প্রতিটি 10 টাকা মূল্যের শেয়ার 11 টাকায় বিলি করা হলে তাকে...........শেয়ার বিলি বলে।

বিভাগ- 'খ'

২) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ২ x ১০=২০

i) ভবিষ্যৎ ব্যবস্থা কাকে বলে?

অথবা

সু- ঋণ বলতে কি বোঝায়?

ii) অবচয় কাকে বলে?

অথবা

অবচয়ের যে কোন দুটি কারণ উল্লেখ কর।

iii) উদ্বর্তপত্র কি একটি হিসাবখাত?

iv) স্থায়ী মূলধন কাকে বলে?

v) অসম্পূর্ণ তথ্য থেকে হিসাবরক্ষণ বলতে কি বোঝায়?

অথবা

একতরফা দাখিলা পদ্ধতির দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

vi) নীতিগত ভুল কাকে বলে?

অথবা

একদিকের ভুল বলতে কি বোঝ?

vii) অংশীদারি কারবার বলতে কি বোঝ?

viii) সার্বজনিক সীমাবদ্ধ কোম্পানি কাকে বলে?

ix) শেয়ার মূলধন কাকে বলে?

x) অনুপাত কি?

অথবা

আর্থিক বিবরণী বিশ্লেষণ বলতে কি বোঝ?

বিভাগ- 'গ'

৩) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়):

i) নিম্নলিখিত তথ্যগুলি থেকে 2008 সালের প্রাপ্ত বাট্টার হিসাব এবং পাওনাদারদের জন্য বাট্টার ভবিষ্যৎ ব্যবস্থার হিসাব দেখাও :

1.1.2008 তারিখে পাওনাদারদের জন্য 1,500 টাকা বাট্টার ভবিষ্য ব্যবস্থা হিসাবে নির্ধারিত ছিল।

ঐ বছরে Discount received ছিল 1,200 টাকা।

ww.bengalstudents.com

2008 সালের 31 শে ডিসেম্বর Creditors খাতে 69,000 টাকা প্রদেয় ছিল।পাওনাদারদের জন্য 2% হারে বাট্টার ভবিষ্যত ব্যবস্থা রাখতে হবে।

অথবা

কু- ঋণ কি এবং কু- ঋণ আদায় বলতে কি বোঝ?লাভ- ক্ষতির হিসাবে এদের অবস্থান দেখাও।

ii) 1.1.2006 তারিখে একজন ব্যবসায়ী 50,000 টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেছিল।মেশিনটির অবশিষ্ট মূল্য হল 5,000 টাকা এবং আয়ু হল 5 বছর।মেশিনটি বসানোর জন্য 5,000 টাকা খরচ করা হয়েছে।1.1.2008 তারিখে মেশিনটি 30,000 টাকায় বিক্রয় করা হয়েছে এবং ঐ দিনেই আরও একটি মেশিন 25,000 টাকায় ক্রয় করা হয়েছে।নতুন মেশিনটির অবশিষ্ট মূল্য হল 3,000 টাকা এবং আয়ু হল 10 বছর।মেশিনটি বসানোর খরচ হল 1,000 টাকা। 2006,2007,2008 সালের জন্য স্থায়ী কিস্তি পদ্ধতি অবলম্বন করে মেশিনারী হিসাবটি তৈরি করো।

অথবা

অবচয় ধার্য করার প্রয়োজন হয় কেন?

iii) নিম্নলিখিত ভুলগুলি রেওয়ামিল তৈরী করার পর ধরা পড়েছে।ভুলগুলি সংশোধন করঃ

ক) মনিরামের কাছ থেকে 300 টাকার পণ্য ক্রয় করা হয়েছে,কিন্তু তা বিক্রয় বহিতে দেখানো হয়েছে।

খ) বিক্রয় ফেরত বহিতে 100 টাকা কম যোগ করা হয়েছে।

গ) Discount প্রদান বাবদ 75 টাকা ভুলবশতঃ Discount গ্রহন বাবদ দেখানো হয়েছে।

ঘ) 600 টাকার অফিস আসবাবপত্র ক্রয় করা হয়েছে কিন্তু তা ক্রয় বহিতে দেখানো হয়েছে।

ঙ) নগদ 850 টাকা সন্তোষকে দেওয়া হয়েছে কিন্তু তা বাদলের নামে 580 টাকা হিসাব ডেবিট করা হয়েছে।

অথবা

উদাহরণসহ ব্যাখ্যা করঃ

পরিপূরক ভুল এবং ছাড়ের ভুল।

iv) অমল ও বিমল একটি অংশীদারী প্রতিষ্ঠানের লাভ- লোকসানের ¾এবং ¼ অংশের অংশীদার।31. 03. 2008- এ এই প্রতিষ্ঠানের নীট লাভের পরিমাণ হল 75, 000 টাকা।নিম্নলিখিত তথ্যগুলির উপর ভিত্তি করে এই প্রতিষ্ঠানের একটি লাভ- ক্ষতি বন্টন হিসাবখাত তৈরী করঃ

ক) 1. 4. 2007 তারিখে অমলের মূলধন হল 40, 000 টাকা এবং বিমলের মূলধন হল 30, 000 টাকা;

খ) মূলধনের উপর বার্ষিক সুদ 5%;

ww.bengalstudents.com

গ) উক্ত বছরের অংশীদারদের উত্তোলনের পরিমাণ হলঃ
অমল- 10, 000 টাকা এবং বিমল- 7, 500 টাকা

ঘ) উত্তোলনের উপর বার্ষিক সুদ 10%;

ঙ) অংশীদারদের বার্ষিক বেতন হল- অমল 6, 000 টাকা;বিমল 4,500 টাকা

v) Discon Ltd. প্রতিটি 10 টাকা মূল্যের 10,000 ইকুইটি শেয়ার,শেয়ার প্রতি 5 টাকা অধিহারে বিলি করল।শেয়ারের টাকা নিম্নলিখিতভাবে প্রদেয়ঃ

আবেদন বাবদ - 3 টাকা
আবন্টন বাবদ - 7 টাকা
তলবী বাবদ - 5 টাকা

সমীর একজন শেয়ারহোল্ডার,যিনি 500 শেয়ারের ধারক,আবন্টন বাবদ অর্থ প্রদান করতে ব্যার্থ হলেন এবং মিহির আর একজন শেয়ারহোল্ডার,যিনি 500 শেয়ারের ধারক,তলবী বাবদ অর্থ প্রদান করতে ব্যার্থ হলেন।বাদবাকী সমস্ত অর্থ কোম্পানী পেয়েছে। Discon Ltd. - এর বইতে Calls-in-Arrear সম্পর্কিত জাবেদা দাখিলাগুলি দেখাও।

অথবা

টীকা লেখঃ

মূলধনজাতীয় সঞ্চিতি ও মুনাফাজাতীয় সঞ্চিতি।

vi) নিম্নলিখিত তথ্যগুলি থেকে চলতি অনুপাত এবং অ্যাসিড টেস্ট অনুপাত বের করঃ

| | |
|---|---|
| Creditors | Rs 20,000 |
| Bills payable | Rs 2,000 |
| Bank overdraft | Rs 8,000 |
| Liability for expenses | Rs 5,000 |
| Stock | Rs 32,000 |
| Debtors | Rs 28,000 |
| Bank | Rs 10,000 |

অথবা

ব্যাখ্যা করঃ

সম্ভার আবর্তনের অনুপাত ও মূলধন আবর্তনের অনুপাত।

বিভাগ- ‘ঘ’

৪) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ১০ x ২=২০

i) All India Sports Club- এর 31 শে ডিসেম্বর, 2008 তারিখে শেষ হওয়া বছরের জন্য প্রদত্ত আয়- ব্যায়ের হিসাব ও অন্যান্য তথ্যাবলী থেকে ঐ তারিখে শেষ হওয়া বছরের জন্য একটি আদান- প্রদান হিসাব প্রস্তুত কর। ১০

Income and Expenditure Account for the year ended on 31.12.2008

| Dr. | | Cr. | |
|---|---|---|---|
| **Expenditure** | Rs. | **Income** | Rs. |
| To Salaries | 12,000 | By Subscription | 20,000 |
| To Printing & Stationery | 3,200 | By Donation | 10,000 |
| To Sundry Expenses | 1,500 | By Sundry Income | 1,000 |
| To Rent,Rates & Taxes | 2,000 | | |
| To Depreciation on Assets | 5,000 | | |
| To Surplus (excess of income over expenditure) | 7,300 | | |
| | 31,000 | | 31,000 |

অন্যান্য তথ্যবলীঃ

| | 1.1.2008 টাকা | 31.12.2008 টাকা |
|---|---|---|
| বকেয়া subscription | 2,000 | 1,000 |
| অগ্রিম প্রাপ্ত subscription | - - - | 500 |
| হস্তস্থ নগদ অর্থ | 6,000 | ? |

মূলধনীকৃত Donation- 50%

অথবা

ক) আয়- ব্যায়ের হিসাবের সংজ্ঞা দাও।এরূপ হিসাবের দুটি বৈশিষ্ট্যের উল্লেখ কর। ২ + ২

খ) আদান- প্রদান হিসাব ও নগদান বই- এর মধ্যে পার্থক্য কর। ৬

ii) Mr. Ray একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন।তাঁর ব্যবসা সম্পর্কিত বিশদ বিবরণ থেকে 30 শে জুন,2008 তারিখে শেষ হওয়া বছরের জন্য একটি লাভ- ক্ষতি বিবরণী প্রস্তুত করঃ ১০

| | 1.1.2007 Rs. | 30.6.2008 Rs. |
|---|---|---|
| Cash in hand | 10,700 | 10,800 |
| Bank Overdraft | 22,500 | 20,000 |
| Stock-in-trade | 27,000 | 28,400 |
| Sundry Creditors | 19,300 | 18,600 |
| Sundry Debtors | 15,100 | 14,900 |
| Bills Receivable | 22,100 | 20,400 |
| Land & Building | 26,500 | 26,500 |
| Bills Payable | 31,000 | 29,000 |
| Furniture & fittings | 2,300 | 2,300 |

www.Bengalstudents.com

Mr. Ray সারা বছরে নগদে 4,000 টাকা ও 1,000 টাকা মূল্যের পণ্য ব্যবসা থেকে তুলেছিলেন এবং 1.4.2008 তারিখে 2,000 বিনিয়োগও করেছিলেন। দেনাদারদের কাছ থেকে 900 টাকা আদায়যোগ্য নয়। স্থায়ী সম্পত্তির উপর 15% হারে অবচয় ধার্য করতে হবে।অনিশ্চিত দেনার জন্য দেনাদারদের উপর __________হারে সংস্থান করতে হবে।

অথবা

ক) নিম্নলিখিত তথ্য থেকে মোট ক্রয়ের অর্থমূল্য নির্ধারণ করঃ

৬

| | | টাকা |
|---|---|---|
| Sundry Creditors - | প্রারম্ভিক জের | 6,000 |
| | অন্তিম জের | 4,000 |
| Bills Payable - | প্রারম্ভিক জের | 5,000 |
| | অন্তিম জের | 7,000 |
| নগদ ক্রয় | | 25,800 |
| Creditors- দের প্রদত্ত অর্থ | | 30,900 |
| Bills Payable- খাতে প্রদত্ত অর্থ | | 8,800 |
| ক্রয় ফেরত | | 1,200 |
| প্রাপ্ত বাট্টা | | 1,000 |

খ) একতরফা দাখিলা পদ্ধতি বলতে কি বোঝ?একতরফা দাখিলা পদ্ধতিতে চূড়ান্ত হিসাব প্রস্তুতের দুটি পদ্ধতির নাম লেখ। ২ + ২

বিভাগ- 'ঙ'

৫) নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দাওঃ ২0 x ১ = ২০

31 শে ডিসেম্বর,2008 তারিখে Mr. Mukherjee- এর নিম্নলিখিত রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলী থেকে উক্ত তারিখে সমাপ্ত বৎসরের জন্য ক্রয়- বিক্রয় ও লাভ- ক্ষতির হিসাব এবং ঐ তারিখের একটি উদ্বর্তপত্র প্রস্তুত করঃ ৬+৭+৭

Trial Balance as on 31.12.2008

| | Debit<br>Rs. | Credit<br>Rs. |
|---|---|---|
| Plant & Machinery | 50,000 | ---- |
| Furniture & Fittings | 10,000 | ---- |
| Cash at Bank and in hand | 14,500 | ---- |
| Stock(1.1.2008) | 35,000 | ---- |
| Sundry Debtors | 30,000 | ---- |
| Bills Receivable | 15,000 | ---- |
| Capital | ---- | 80,000 |
| Sundry Creditors | ---- | 20,000 |
| Carriage on purchase | 1,500 | ---- |

www.Bengalstudents.com

ww.bengalstudents.com

| | | |
|---|---|---|
| Wages | 12,000 | ---- |
| Salaries | 10,000 | ---- |
| Miscellaneous Expenses | 2,000 | ---- |
| Miscellaneous Incomes | ---- | 2,000 |
| Purchases & Sales | 75,000 | 1,50,000 |
| Commission | ---- | 3,000 |
| | 2,55,000 | 2,55,000 |

অতিরিক্ত তথ্যাবলীঃ

i) 31.12.2008 তারিখে মজুত পণ্য - 50, 000 টাকা

ii) নমুনা হিসাবে বিনামূল্যে বিতরণ করা পণ্যের অর্থমূল্য -20,000 টাকা

iii) Sundry Debtors-এর মধ্যে Mr. X- এর কাছে প্রাপ্য 3,000 টাকা অন্তর্ভুক্ত আছে এবং Sundry Creditors- এর মধ্যে Mr. X- কে প্রদেয় 2,000 টাকা অন্তর্ভুক্ত আছে।

iv) Sundry Debtors- এর মধ্যে আরো একজন দেউলিয়া হয়ে যাওয়া খরিদ্দারের কাছ থেকে প্রাপ্য 1,000 টাকা অন্তর্ভুক্ত আছে ; যার কাছ থেকে কোন কিছুই আদায় করা যাবে না।

v) বকেয়া দায়সমূহঃ

মজুরী - 2,000 টাকা

বেতন - 1,500 টাকা

vi) Plant & Machinery- এর উপর বার্ষিক 10% হারে এবং Furniture & Fittings-এর উপর বার্ষিক 20% হারে অবচয় ধার্য কর।

vii) অনিশ্চিত দেনার জন্য Sundry Debtors- এর উপর 5% হারে ভবিষ্যৎ ব্যবস্থার সৃষ্টি কর।

www.Bengalstudents.com